

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ অধিশাখা

স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.১২.০২৩.১৬-১৪১৩

তারিখ : ৭ অগ্রহায়ণ ১৪২৩
২১ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৬ মে ২০১৬ খ্রিঃ তারিখের ৮০.১০৬.০৩৬.০০.০০.০০৪.২০১৫-১০৭ সংখ্যক পত্রে সুপারিশকৃত নিম্নবর্ণিত ০৭ (সাত) জন প্রার্থীদের বাংলাদেশ পুলিশ, সিআইডি, ঢাকা এর শূণ্যপদের বিপরীতে “সহকারী রাসায়নিক পরীক্ষক” পদে জাতীয় বেতনস্কেল’২০১৫ এর গ্রেড-৯; টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ


ক্রমিক নং (মেধাক্রম অনুসারে)	নাম ও রেজিস্ট্রেশন নম্বর	পদের নাম	সুপারিশের ভিত্তি
১	মোঃ সালাহ আজ্জাম নিয়াজী রেজিঃ নম্বর-০৩১৬১৪	সহকারী রাসায়নিক পরীক্ষক	মেধা
২	মোঃ মজিবুর রহমান শরীফ রেজিঃ নম্বর-০৭৯৫১৭	ঐ	মেধা
৩	জনি কুমার ঘোষ রেজিঃ নম্বর-১০৮০৯১	ঐ	মেধা
৪	আব্দুল্লাহ আল ইমরান রেজিঃ নম্বর-০৩৯০৯৫	ঐ	মেধা
৫	বদরুল্লাহ রেজিঃ নম্বর-০৩৮০৯২	ঐ	মেধা
৬	মোছাঃ মিন্নাতুয়ারা খাতুন রেজিঃ নম্বর-২১৩২৬৩	ঐ	মুক্তিযোদ্ধা
৭	রোমানা আক্তার রেজিঃনম্বর-৩১৩৮৬৬	ঐ	মুক্তিযোদ্ধা

- ক) যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক তিনি ০২(দুই) বছর শিক্ষানবীশ হিসেবে থাকবেন। এ সময়ের মধ্যে আয়োজিত প্রশিক্ষণে তাঁকে অংশগ্রহণ এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষানবীশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;
- খ) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামিনদারসহ তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্টাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবীশকালে অথবা শিক্ষানবীশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকুরি থেকে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে বেতন, আনুতোষিক এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;
- গ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন প্রদত্ত মেধা তালিকা ও প্রচলিত অন্যান্য সরকারি বিধি মোতাবেক তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- ঘ) চাকুরিতে থাকাকালে সরকারি সকল বিধি বিধান তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ঙ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

চলমান পাতা-২

- চ) চাকুরিতে নিয়োজিত থাকাকালীন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;
- ছ) মুক্তিযোদ্ধা প্রার্থীর ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্টাম্পে 'মুক্তিযোদ্ধা সনদের চূড়ান্ত যাচাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন' মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন;
- জ) যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রদান করা হবে না;
- ঝ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;
- ২। যদি উক্ত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয় তাহলে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে যোগদানের নির্দেশ দেয়া হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোহাম্মদ ইলিয়াস হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৪৫৩১

তারিখ : ৭ অগ্রহায়ণ ১৪২৩

২১ নভেম্বর ২০১৬

স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.১২.০২৩.১৬-১৪১৩(৭)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
(গত ৩০/১০/২০১৬ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১১.৪৬৮২.২০১৬/১৫১৩নং স্মারকে প্রাপ্ত প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত প্রতিবেদনের শর্তানুযায়ী মুক্তিযোদ্ধা প্রার্থীদের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো)
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ ঢাকা।
- ৬। উপ-সচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)
- ৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (পুলিশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। জনাব.....



(মোহাম্মদ ইলিয়াস হোসেন)

উপসচিব